

স্মারক নং-৫৭.০০.০০০০.০৫১.২৭.০০২.২৩-১৭৫

তারিখঃ ০৬ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
০৬ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু জনাব মোঃ এজাবুর আলম, জুনিয়র ইনস্ট্রাক্টর (টেক/সিভিল উড), ভোলা পলিটেকনিক ইনস্টিটিউট তার প্রাক্তন কর্মস্থল বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউটে কর্মকালীন উক্ত প্রতিষ্ঠানের শিক্ষার্থীকে কু-রুচিপূর্ণ অশালীন কথাবার্তা এবং কু-প্রস্তাব প্রদান করেন। ফলে উক্ত শিক্ষার্থী অধ্যক্ষ বরাবর লিখিত অভিযোগ দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে অধ্যক্ষ কর্তৃক সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন দাখিলের জন্য কমিটি গঠন করেন। তদন্ত কমিটি অভিযোগকারী ও অন্যান্যদের লিখিত বক্তব্য এবং জবানবন্দি পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রাথমিক সত্যতা প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন। ফলে তিনি শিক্ষকসুলভ আচরণ পরিহার করে শিষ্টাচার বহির্ভূত আচরণ করেছেন;

যেহেতু, তিনি উক্তরূপ কর্মকাণ্ডের মাধ্যমে শিক্ষকসুলভ আচরণ পরিহার করে শিষ্টাচার বহির্ভূত আচরণ করেছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ধারা অনুযায়ী ‘অসদাচরণ’ এর অভিযোগ আনয়নপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার বরাবর প্রেরণ করা হয়। সে পরিপ্রেক্ষিতে, তিনি লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করেন;

যেহেতু, তিনি ২০/০৭/২০২৩ খ্রি. তারিখে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন এবং শুনানিতে গ্রহণকৃত বক্তব্য ও কাগজপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়; এবং

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনান্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ধারা অনুযায়ী ‘অসদাচরণ’ এর অভিযোগ তার স্বীকারোক্তির ভিত্তিতে প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ২ (খ) অনুযায়ী “নির্দিষ্ট মেয়াদের জন্য বেতন বৃদ্ধি স্থগিত রাখা” লঘুদন্ড প্রদান করা সমীচীন হবে;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ২ (খ) অনুযায়ী ভোলা পলিটেকনিক ইনস্টিটিউটের জুনিয়র ইনস্ট্রাক্টর (টেক/সিভিল উড) জনাব মোঃ এজাবুর আলম এর “বার্ষিক বেতনবৃদ্ধি পরবর্তী ০২ (দুই) বছরের জন্য স্থগিত” রাখার লঘুদন্ড প্রদান করা হলো। তিনি ০২ (দুই) বছরের বর্ধিত বেতন কখনও প্রাপ্য হবেন না, ০২ (দুই) বছর অতিক্রান্ত হওয়ার পর ০৩য় (তৃতীয়) বছর হতে তিনি বর্ধিত বেতন প্রাপ্য হবেন।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ কামাল হোসেন)
সিনিয়র সচিব

চলমান পাতা-২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ০৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
(জনাব মোঃ এজাবুর আলম, জুনিয়র ইনস্ট্রাক্টর (টেক/সিভিল উড) ভোলা পলিটেকনিক ইনস্টিটিউটের এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)
- ০৫। যুগ্মসচিব (কারিগরি অধিশাখা-২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ০৬। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য]
- ০৭। উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য]
- ০৮। চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা
- ০৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ১০। অধ্যক্ষ, ভোলা পলিটেকনিক ইনস্টিটিউট, ভোলা
- ১১। সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ১২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৩। ডিস্ট্রিক্ট একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, ভোলা
- ১৪। জনাব মোঃ এজাবুর আলম, জুনিয়র ইনস্ট্রাক্টর (টেক/সিভিল উড), ভোলা পলিটেকনিক ইনস্টিটিউট, ভোলা
- ১৫। অফিস কপি।



(রহিমা আক্তার)

উপসচিব

ফোনঃ ০২-৫৫১০১০৮৯

ই-মেইলঃ sastec1@tmed.gov.bd